১. **দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প, [বা পা উ বো], ৮৪ রাজা বরদা কান্ত রোড, চাঁচড়া, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ স্লুইস গেট মেরামত ও নির্মান, খাল ও নিস্কাশন ড্রেন খনন, বাঁধ মেরামত ও নির্মাণ)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রস্তাবিত ইআইএ-র কার্যপরিধি সভায় পর্যালোচনা করা হয় এবং আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি নীতিগতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় । বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করা হবে।

২. **Proposed 400 KV Grid Interconnection Projection between Eastern part of India (Baharampur,West Bengal) and Western part of Bangladesh, (Bheramara,Kushtia) and Associated Substations, Power Grid Company of Bangladesh, আই ই বি ভবন, ৩য় ও ৪র্থ তলা, রমনা, ঢাকা-১০০০** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ)ঃ ইআইএ প্রণয়নের লক্ষ্যে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত TOR সভায় পর্যালোচনা করা হয় এবং এর ঘাটতিসমূহ চিহ্নিত করে এগুলো ইআইএতে অন্তর্ভুক্ত করার শর্তে TOR অনুমোদনের সুপারিশ গৃহীত হয় । এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরিত হবে।

ঘ) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ ঃ অবস্থানগত ছাড়পত্র

১. **বে-ক্রিয়েশন লিমিটেড, কর্ণগোপ, রুপসী, রুপগঞ্জ, নারায়নগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ডাইং) ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই, বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত সাইট লোকেশান ম্যাপ, প্রকল্পের অবস্থান, দাখিলকৃত ইটিপি-এর নক্সা, কারখানার লে-আউট প্লান ও ড্রেনেজ সিস্টেমের নক্সা ও বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে বিভাগীয় দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে প্রস্তাবিত ড্রেনেজ লাইনসহ আইইইতে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
খ) ইটিপি'র বিস্তারিত ডিজাইনসহ ইআইএ প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরের সংশিষ্ট বিভাগীয় দপ্তরে অনুমোদনের জন্য দাখিল করতে হবে।

গ) ইআইএ প্রতিবেদনে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করতে হবে।
   i. তরল বর্জ্য সৃষ্ট পরিবেশগত প্রভাব দূরীকরণের জন্য যে সকল মিটিগেশন মের্জাস নেয়া হবে তার যৌক্তিকতা ও বিকল্প ব্যবস্থাসমূহের সাথে তুলনামূলক বিবরণ;
   ii. যে দেশ থেকে কারখানার যন্ত্রপাতি আমদানী করা হবে তার নাম; ইটিপি-এর যন্ত্রাদি একই প্যাকেজে অন্তর্ভুক্ত থাকবে কিনা এবং না থাকলে তার যৌক্তিকতা;
   iii. রাসায়নিক বিক্রিয়াসহ বিস্তারিত Manufacturing Process এর বিবরণ;
      ❖ পানি, রাসায়নিক দ্রব্যাদি ও কাঁচা মালসমূহের Mass Balance হিসাব;
      ❖ উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন ধাপে সৃষ্ট তরল বর্জ্যের পরিমান, বিক্রিয়া ও রাসায়নিক প্রকৃতি;
      ❖ পরিশোধনের ক্ষেত্রে বিবেচ্য তরল বর্জ্যের গুণগত মান (pH, DO, BOD, COD, TSS, TDS, SS, Fe ইত্যাদি)।
      ❖ যন্ত্রপাতির বিবরণ ও স্পেসিফিকেশন উল্লেখপূর্বক উপযুক্ত স্কেলে ইটিপি'র ডিজাইন, ডাইমেনশন ও সেকশন এলিভেশনসহ বিশদ নকশা ও বাস্তবায়নের সময়সূচী;
      ❖ পরিশোধনের বিভিন্ন ধাপের রাসায়নিক বিক্রিয়া ও ক্যালকুলেশন/স্লাজের পরিমান ও চূড়ান্ত ডিসপোজাল সিস্টেমের বিস্তারিত বিবরণ;
      ❖ তরল বর্জ্যের চূড়ান্ত অপসারণ স্থানের পানির গুণগত মান ও পানিতে বিদ্যমান জীববৈচিত্রের বিবরণ;
      ❖ ইটিপি অপারেশন ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে বিস্তারিত বিবরণ এবং ইটিপি এর পদ্ধতির যৌক্তিকতা ও বিকল্প পদ্ধতি সমূহের মধ্যে আর্থিক, কারিগরী, ডিজাইন, অপারেশন, ও রক্ষানাবেক্ষণগত সুবিধা অসুবিধা সম্পর্কে তুলনামূলক বিবরণ;
      ❖ ইটিপি-এর প্রতিটি ইউনিটের ক্ষেত্রে বিকল্প পদ্ধতিসমূহের সাথে আর্থিক, কারিগরী, ডিজাইন, অপারেশন, ও রক্ষানাবেক্ষণগত সুবিধা অসুবিধা সম্পর্কে তুলনামূলক বিবরণ;

ঘ) ইআইএ প্রতিবেদনে কারখানা সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের ক্ষেত্রে প্রতিটি রিডাকশন স্টেজের বিস্তারিত ও বাস্তবসম্মত বর্ণনা, স্থাপিতব্য ইটিপি-এর ডিটেইল ডিজাইন (ক্যালকুলেশনসহ) অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিবেদনে অন্যান্যের মধ্যে Sludge ব্যবস্থাপনার বিবরণী ও ড্রেনেজ প্লান অন্তর্ভুক্ত থাকতে হবে।

ঙ) ইআইএ প্রতিবেদনে নিজস্ব লোকবল ও ইকুইপমেন্ট-এর সমন্বয়ে ইন-হাউজ এনভায়রনমেন্টাল মনিটরিং সিস্টেম গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক প্রস্তাবনা অন্তর্ভুক্ত করতে হবে।

চ) ইআইএ অনুমোদিত না হলে আমদানীতব্য যন্ত্রপাতির অনুকূলে L/C খোলা যাবে না।

ছ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ মাল্টিডিসিপ্লিনারী টীমের মাধ্যমে ইআইএ প্রণয়ন করতে হবে।

জ) শিল্প ইমারত দ্বারা সাইটের সর্বাধিক ৬৬% স্থান আচ্ছাদিত করা যাবে উহার পশ্চাতে ও দুই পার্শ্বে নূন্যতম ২.৫০ মিটার স্থান উন্মুক্ত রাখতে হবে।

ঝ) প্রকল্প চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) ক-ঝ এর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে গ্যাস সংযোগ গ্রহন এবং কারখানা উৎপাদনে যেতে পারবে না।

২. **সুলতান জেনারেল হাসপাতাল, বোর্ড বাজার, জয়দেবপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ হাসপাতাল)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ২৬০ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার জবাব এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে বিভাগীয় দপ্তর কর্তৃক নিববর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

খ) ইআইএ প্রতিবেদন প্রণয়ন ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদন সাপেক্ষে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে । পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত TOR -এর ভিত্তিত্বে ইআইএ সম্পাদন করতে হবে।

গ) প্রস্তাবিত হাসপাতালের Infectious, Non- Infectious, Sharp metal, Plastic ইত্যাদি বর্জ্য আলাদা আলাদা পাত্রে সংগ্রহের ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঘ) সূচ, সিরিঞ্জ, টেষ্ট টিউব, প্লাস্টিক বর্জ্য, জীবানুমুক্ত করার জন্য অটোক্লেভ এবং প্লাস্টিক টুকরা করার জন্য স্রেডিং মেশিন এবং সূচ কাঁটার জন্য Cutter সংগ্রহ করতে হবে

ঙ) Pathogenic তরল বর্জ্য পরিশোধনপূর্বক জীবানুমুক্ত করণ এবং ব্যবহৃত তুলা, গজ, ব্যান্ডেজ ইত্যাদি পরিবেশসম্মত ভবে পুড়িয়ে ফেলার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) Body parts, tissue ইত্যাদি বস্তু কবরস্থানে পুতে ফেলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ছ) ইআইএ প্রতিবেদনে নিজস্ব লোকবল ও ইকুইপমেন্ট-এর সমন্বয়ে ইন-হাউজ এনভায়রনমেন্টাল মনিটরিং সিস্টেম গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক প্রস্তাবনা অন্তর্ভুক্ত করতে হবে।

জ) ইআইএ অনুমোদিত না হলে আমদানীতব্য যন্ত্রপাতির অনুকূলে L/C খোলা যাবে না।

ঝ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ মাল্টিডিসিপ্লিনারী টীমের মাধ্যমে ইআইএ প্রণয়ন করতে হবে।

ঞ) অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদির প্রস্তাবনা অর্ন্তভুক্ত করতে হবে।

ট) হাসপাতাল ভবনের চারদিকে উম্মুক্ত জায়গায় জায়গায় উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগাতে হবে।

ঠ) ভবনের নীচতলা গাড়ী পাকিং ব্যতীত অন্য কোন বাণিজ্যিক/ আবাসিক কাজে ব্যবহার করা যাবেনা।

ড) হাসপাতালে সৃষ্ট চিকিৎসা-বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এর বিধি ৫(১) এর আওতায় উপযুক্ত কর্তৃপক্ষের নিকট থেকে লাইসেন্স গ্রহণ করতে হবে।

ঢ) 'ক' -'ড'-এর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

৩. **সাউদার্ন নিটওয়্যার লিঃ, হিজলহাটি,বারই পাড়া, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ডাইং) ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই, বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত সাইট লোকেশান ম্যাপ, প্রকল্পের অবস্থান, দাখিলকৃত ইটিপি-এর নক্সা, কারখানার লে-আউট প্লান ও ড্রেনেজ সিস্টেমের নক্সা ও বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে বিভাগীয় দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে প্রস্তাবিত ড্রেনেজ লাইনসহ আইইইতে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

খ) ইটিপি'র বিস্তারিত ডিজাইনসহ ইআইএ প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরের সংশিষ্ট বিভাগীয় দপ্তরে অনুমোদনের জন্য দাখিল করতে হবে।

গ) ইআইএ প্রতিবেদনে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করতে হবে।

i. তরল বর্জ্য সৃষ্ট পরিবেশগত প্রভাব দূরীকরণের জন্য যে সকল মিটিগেশন মের্জাস নেয়া হবে তার যৌক্তিকতা ও বিকল্প ব্যবস্থাসমূহের সাথে তুলনামূলক বিবরণ;

ii. যে দেশ থেকে কারখানার যন্ত্রপাতি আমদানী করা হবে তার নাম; ইটিপি-এর যন্ত্রাদি একই প্যাকেজে অন্তর্ভুক্ত থাকবে কিনা এবং না থাকলে তার যৌক্তিকতা;

iii. রাসায়নিক বিক্রিয়াসহ বিস্তারিত Manufacturing Process এর বিবরণ;

- ❖ পানি, রাসায়নিক দ্রব্যাদি ও কাঁচা মালসমূহের Mass Balance হিসাব;
- ❖ উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন ধাপে সৃষ্ট তরল বর্জ্যের পরিমান, বিক্রিয়া ও রাসায়নিক প্রকৃতি;
- ❖ পরিশোধনের ক্ষেত্রে বিবেচ্য তরল বর্জ্যের গুণগত মান (pH, DO, BOD, COD, TSS, TDS, SS, Fe ইত্যাদি)।
- ❖ যন্ত্রপাতির বিবরণ ও স্পেসিফিকেশন উল্লেখপূর্বক উপযুক্ত স্কেলে ইটিপি'র ডিজাইন, ডাইমেনশন ও সেকশন এলিভেশনসহ বিশদ নকশা ও বাস্তবায়নের সময়সূচী;
- ❖ পরিশোধনের বিভিন্ন ধাপের রাসায়নিক বিক্রিয়া ও ক্যালকুলেশন/স্লাজের পরিমান ও চূড়ান্ত ডিসপোজাল সিস্টেমের বিস্তারিত বিবরণ;
- ❖ তরল বর্জ্যের চূড়ান্ত অপসারণ স্থানের পানির গুণগত মান ও পানিতে বিদ্যমান জীববৈচিত্রের বিবরণ;
- ❖ ইটিপি অপারেশন ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে বিস্তারিত বিবরণ এবং ইটিপি এর পদ্ধতির যৌক্তিকতা ও বিকল্প পদ্ধতি সমূহের মধ্যে আর্থিক, কারিগরী, ডিজাইন, অপারেশন, ও রক্ষানাবেক্ষণগত সুবিধা অসুবিধা সম্পর্কে তুলনামূলক বিবরণ;
- ❖ ইটিপি-এর প্রতিটি ইউনিটের ক্ষেত্রে বিকল্প পদ্ধতিসমূহের সাথে আর্থিক, কারিগরী, ডিজাইন, অপারেশন, ও রক্ষানাবেক্ষণগত সুবিধা অসুবিধা সম্পর্কে তুলনামূলক বিবরণ;

ঘ) ইআইএ প্রতিবেদনে কারখানা সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের ক্ষেত্রে প্রতিটি রিডাকশন স্টেজের বিস্তারিত ও বাস্তবসম্মত বর্ণনা, স্থাপিতব্য ইটিপি-এর ডিটেইল ডিজাইন (ক্যালকুলেশনসহ) অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিবেদনে অন্যান্যের মধ্যে Sludge ব্যবস্থাপনার বিবরণী ও ড্রেনেজ প্লান অন্তর্ভুক্ত থাকতে হবে।

ঙ) ইআইএ প্রতিবেদনে নিজস্ব লোকবল ও ইকুইপমেন্ট-এর সমন্বয়ে ইন-হাউজ এনভায়রনমেন্টাল মনিটরিং সিস্টেম গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক প্রস্তাবনা অন্তর্ভুক্ত করতে হবে।

চ) ইআইএ অনুমোদিত না হলে আমদানীতব্য যন্ত্রপাতির অনুকূলে L/C খোলা যাবে না।

ছ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ মাল্টিডিসিপ্লিনারী টীমের মাধ্যমে ইআইএ প্রণয়ন করতে হবে।

জ) শিল্প ইমারত দ্বারা সাইটের সর্বাধিক ৬৬% স্থান আচ্ছাদিত করা যাবে উহার পশ্চাতে ও দুই পার্শ্বে নূন্যতম ২.৫০ মিটার স্থান উন্মুক্ত রাখতে হবে।

ঝ) প্রকল্প চত্ত্বরের নূ্যনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) ক-ঝ এর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে গ্যাস সংযোগ গ্রহন এবং কারখানা উৎপাদনে যেতে পারবে না।

ঙ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহঃ পরিবেশগত ছাড়পত্র

১. **এ সি আই ফরমুলেশন লিঃ, (মশার কয়েল ইউনিট), গ্রামঃ গজারিয়া, থানাঃ শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ মশার কয়েল)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, EMP প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ফ্যাক্ট সিট, লোকেশন ম্যাপে উল্লেখিত প্রস্তাবিত অবস্থান, বিভাগীয় দপ্তরের সুপারিশ এবং ছাড়পত্র বিয়য়ক কমিটির সদস্য কর্তৃক পরিদর্শন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিদ্যমান ইটিপির প্রয়োজনীয় সংস্কার/আধুনিকায়ন করতে হবে।

খ) ড্রেনেজ ব্যবস্থার প্রয়োজনীয় সংস্কার সম্পন্ন করতে হবে।

গ) অকুপেশনাল হেলথ সেফটি নিশ্চিত করার লক্ষ্যে কর্মরত শ্রমিকদের জন্য মাস্ক, সেফটি গ্লাস, হ্যন্ড গ্লাভস ইত্যাদির ব্যবস্থা করতে হবে।

ঘ) ক-গ পর্যন্ত ব্যবস্থা গ্রহণ করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **সানটেক এনার্জি লিঃ, প্লট-৩৬/এ, ৩৭/এ বিসিক শিল্প নগরী, খাদিমনগর, সিলেট**(শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ব্যাটারি সংযোজন)ঃউদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, EMP প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ফ্যাক্ট সিট, লোকেশন ম্যাপে উল্লেখিত প্রস্তাবিত অবস্থান, বিভাগীয় দপ্তরের সুপারিশ এবং ২৬২ তম সভার সিদ্ধান্তের আলোকে প্রেরিত উদ্যেক্তার জবাব সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উদ্যোক্তার পূর্ববর্তী ও পরবর্তী (২৬২ তম সভার সিদ্ধান্তের আলোকে প্রেরিত) প্রসেস ফ্লো ডায়াগ্রামে অসংগতির বিষয়ে উদ্যোক্তা কর্তৃক ব্যাখ্যা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৩. **সুরমা টাওয়ার (১৪ তলা আবাসিক কাম বাণিজ্যিক ভবন), সুরমা, পয়েন্ট, ভিআইপি রোড, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বহুতল ভবন নির্মাণ)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই, পরিদর্শন প্রতিবেদন, ফ্যাক্ট সিট, লোকেশন ম্যাপে উল্লেখিত প্রস্তাবিত অবস্থান, বিভাগীয় দপ্তরের সুপারিশ এবং ২৩৮ তম সভার সিদ্ধান্তের আলোকে প্রেরিত উদ্যোক্তার জবাব সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নরূপ তথ্যাদি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) নির্মাণাধীন ভবনটির কতটুকু সম্পন্ন করা হয়েছে।

খ) ভবনের স্ট্রাকচারাল ডিজাইনের গাঁয়ে সংশ্লিষ্ট বি এস সি ইঞ্জিনিয়ার কর্তৃক এই মর্মে প্রত্যায়ন থাকতে হবে য়ে, ভবনটি তার প্রত্যক্ষ তত্বাবধানে এবং প্রণীত নকশা অনুযায়ী যথাযথভাবে নির্মিত হচ্ছে।

গ) ক-খ তে উল্লিখিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণ করা হবে।

বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৪. **ঠিকানা টাওয়ার (১১ তলা আবাসিক কাম বাণিজ্যিক ভবন),নয়া সড়ক, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বহুতল ভবন নির্মাণ)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই, পরিদর্শন প্রতিবেদন, ফ্যাক্ট সিট, লোকেশন ম্যাপে উল্লেখিত প্রস্তাবিত অবস্থান, বিভাগীয় দপ্তরের সুপারিশ এবং ২৪১তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নরূপ তথ্যাদি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) নির্মাণাধীন ভবনটির কতটুকু সম্পন্ন করা হয়েছে।

খ) ভবনের স্ট্রাকচারাল ডিজাইনের গাঁয়ে সংশ্লিষ্ট বি এস সি ইঞ্জিনিয়ার কর্তৃক এই মর্মে প্রত্যায়ন থাকতে হবে য়ে, ভবনটি তার প্রত্যক্ষ তত্বাবধানে এবং প্রণীত নকশা অনুযায়ী যথাযথভাবে নির্মিত হচ্ছে।

গ) ক-খ তে উল্লিখিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণ করা হবে।

বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **নোকন লিঃ, সিংগারদি, মাওনা, শ্রীপুর, গাজীপুর**(শিল্প/প্রকল্প কার্যক্রমঃ পেস্টিসাইড ও ফাংগিসাইড ফরমুলেসন ও রি-প্যাকিং)ঃ বিগত ৩১/১২/২০০৯ তারিখে অনুষ্ঠিত পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ২৫৮ তম সভায় প্রকল্পটির অনুকূলে পেস্টিসাইড ও ফাংগিসাইড রি-প্যাকিং হিসেবে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ করা হয়। পরবর্তীতে উদ্যেক্তার পক্ষ থেকে বলা হয় যে, প্রকল্পটিতে রি-প্যাকিং এবং ফরমুলেশন দুটোই করা হবে এবং সেভাবেই তারা বিভাগীয় দপ্তরে আবেদন দখিল করেছে। কিন্তু ভুলবশতঃ বিভাগীয় দপ্তরের সংশ্লিষ্ট পরিদর্শক কর্তৃক সরেজমিন পরিদর্শন প্রতিবেদনে শুধু রি-প্যাকিং এর কথা উল্লেখ থাকায় এবং উদ্যোক্তা কর্তৃক গৃহীত মিটিগেশন মেজার্স যথাযথ প্রতীয়মান হওয়ায় সদর দপ্তরের ছাড়পত্র বিষয়ক কমিটি শুধু রি-প্যাকিং এর জন্য পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ করে। উদ্যোক্তা পুনরায় রি-প্যাকিং এবং ফরমুলেশনের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রদানের আবেদন জানালে বিভাগীয় সংশ্লিষ্ট পরিদর্শক তার সরেজমিন পরিদর্শন প্রতিবেদনটি সংশোধনপূর্বক নথিটি ছাড়পত্র বিষযক কমিটিতে প্রেরণ করে। কমিটি উদ্যোক্তা কর্তৃক গৃহীত মিটিগেশন মেজার্স রি-প্যাকিং এর জন্য যথাযথ হলেও ফরমুলেশনের জন্য তা যথোপযুক্ত নয় মর্মে অভিমত প্রকাশ করে এবং নিম্নরূপ মিটিগেশন মেজার্স অন্তর্ভূক্তকরণ সাপেক্ষে পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গ্রহন করে।

ক) প্রকল্পের সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য যথোপযুক্ত ইটিপি স্থাপন করতে হবে।

খ) যথাযথ ডেনেজ সিস্টেম থাকতে হবে।

গ) কর্মরত শ্রমিকদের অকুপেশনাল হেলথ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

ক- গ তে বর্ণিত বিষয়সমূহ জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৬. **বড় ভূইয়া টাওয়ার (সদ্য সমাপ্ত বারো তলা আবাসিক ভবন), জিন্দাবাজর, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বাণিজ্যিক কাম আবাসিক ভবন)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইইতে প্রদত্ত তথ্য, সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের পর্যালোচনা প্রতিবেদন, সুপারিশ এবং ২৫৭ তম সভার প্রেক্ষিতে উদ্যোক্তার ব্যাখ্যা সভায় পর্যালোচনা কর হয় । পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, সদসমাপ্ত বহুতল ভবনটির সম্মুখস্থ রাস্তার প্রশস্ততা মাত্র ১২ ফুট। কিন্তু মহানগরী পরিবেশ বিষয়ক সমম্বিত নীতিমালা অনুযায়ী আলোচ্য ভবনের সম্মুখস্থ রাস্তার প্রশস্ততা সর্বনিম্ন ৩০ ফুট থাকতে হবে বিধায় আালোচ্য ১২-তলা ভবনের অনুকূলে

পরিবেশগত ছাড়পত্র প্রদানের বিষয়টি বিবেচনা করার অবকাশ নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে উদ্যোক্তাকে পত্র প্রেরণ করতে হবে।

৭. **কালুরঘাটস্থ কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে আড়া আড়ি ভাবে (Horizontal Directional Drilling (HDD) পদ্ধতিতে উচ্চচাপ বিশিষ্ট পাইপ লাইন নির্মাণ প্রকল্প, বাখরাবাদ গ্যাস সিস্টেম লিঃ, চাপা পুর, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ পাইপ লাইন নির্মাণ) ঃ চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত বাখরাবাদ গ্যাস সিস্টেম লিঃ এর **কালুরঘাটস্থ কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে আড়া আড়ি ভাবে (Horizontal Directional Drilling (HDD) পদ্ধতিতে উচ্চচাপ বিশিষ্ট পাইপ লাইন নির্মাণ প্রকল্পের** দাখিলকৃত আবেদনপত্র এবং বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্রটি পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটিতে উপস্থাপন করা হয়। পর্যালোচনান্তে যথাযথ প্রক্রিয়ায় আলোচ্য প্রকল্পের ছাড়পত্র প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রসঙ্গে নিম্নোল্লিখিত বিষয়সমূহ জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ মোতাবেক এ ধরনের প্রকল্পের জন্য প্রথমে অবস্থানগত ছাড়পত্র এবং তৎপর পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পের জন্য পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় হতে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

০১। প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন/প্রজেক্ট প্রোফাইল।
০২। প্রস্তাবিত ইআইএ প্রতিবেদনের কার্যপরিধি (TOR) সহ প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (আইইই)।
০৩। প্রকল্প এলাকার সাধারণ ম্যাপ, দূরত্ব নির্দেশিত লোকেশন ম্যাপ, প্রকল্পের লে-আউট প্ল্যান।

চ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহঃ ইআইএ অনুমোদন

১. **কাপাসিয়া তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন প্রকল্প, কপালেশ্বর, কাপাসিয়া, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ তেল/গ্যাস অনুসন্ধান প্রকল্প)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং ইআইএ প্রতিবেদনটি ছাড়পত্র বিষয়ক কমিটিতে উপস্থাপন করা হয়। কমিটি দাখিলকৃত ইআইএ প্রতিবেদনটি পর্যালোচনা করে এবং অধিকতর Understanding এর জন্য প্রতিবেদনটির উপর উদ্যোক্তা কর্তৃক ছাড়পত্র বিষয়ক কমিটিতে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদানের সিদ্ধান্ত গ্রহন করে। বিষয়টি জানিয়ে সদর দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

ছ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহঃ অবস্থানগত ছাড়পত্র

১. **ড্যাজলিং টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ লিঃ, প্লট-৩৭৯,৩৮০, গোদনাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ নিটিং, ডাইং)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ২৪৮ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার জবাব এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে প্রকল্পেটির অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রক্রিয়াকরণের জন্য নিম্নোল্লিখিত তথ্যাবলী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) যে ড্রেনেজ পাইপ লাইন নির্মাণ করা হবে তার স্ট্রাকচারাল ডিজাইন (এলিভেশনসহ)।
খ) যে বিদ্যমান ড্রেনে পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য প্রেরণ করা হবে তার Capacity কত সে বিষয়ে বিস্তারিত তথ্য।
গ) কারখানার ড্রেনেজ পাইপ লাইনের মাধ্যমে কি পরিমাণ পরিশোধিত তরল বর্জ্য (সম্ভাব্য) বিদ্যমান ড্রেনে প্রেরণ করা হবে এবং এর ফলে বিদ্যমান ড্রেনের Capacity এর কি তারতম্য ঘটবে।
ঘ) কারখানার ড্রেনেজ পাইপ লাইন যে সমস্ত জায়গার উপর দিয়ে যাবে সে সকল ব্যক্তি/সংস্থার অনাপত্তিপত্র।

ক-ঘ তে বর্ণিত কমিটির সিদ্ধান্ত জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

২. **হোটেল বে-প্যারাডাইস লিঃ, প্লট-৩৯, হোটেল-মোটেল জোন, রোড-২, কক্সবাজার সদর, কক্সবাজার** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ পর্যটন হোটেল নির্মাণ)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে প্রকল্পটির প্রস্তাবিত অবস্থান কক্সবাজার ইসিএ এলাকায় হওয়ায় বিষয়টির উপর কোস্টাল এন্ড বায়োডাইভার্সিটি ম্যানেজমেন্ট প্রকল্পের নিকট হতে মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. **তারাইল-পাঁচুরিয়া বন্যা নিয়ন্ত্রণ, নিস্কাশন ও সেচ প্রকল্প (২য় পর্যায়), কোটালী পাড়া, টুঙ্গী পাড়া, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ)ঃ ঢাকা বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর **তারাইল-পাঁচুরিয়া বন্যা নিয়ন্ত্রণ, নিস্কাশন ও সেচ প্রকল্পের** দাখিলকৃত আবেদনপত্রটি পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটিতে উপস্থাপন করা হয় এবং যথাযথ প্রক্রিয়ায় আলোচ্য প্রকল্পের ছাড়পত্র প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রসঙ্গে নিম্নোল্লিখিত বিষয়সমূহ জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণ করতে হবে।

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ মোতাবেক এ ধরনের প্রকল্পের জন্য প্রথমে অবস্থানগত ছাড়পত্র এবং তৎপর পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। উল্লিখিত অবস্থার পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পের জন্য পরিবেশ অধিদপ্তর, ঢাকা বিভাগীয় কার্যালয় হতে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের নিমিত্তে নিম্নলিখিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।

০১। প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন/প্রজেক্ট প্রোফাইল।

০২। স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র (ওয়ার্ড কমিশনার/চেয়ারম্যান)।

০৩। প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (আইইই)।

০৪। প্রকল্প এলাকার সাধারণ ম্যাপ, দূরত্ব নির্দেশিত লোকেশন ম্যাপ, প্রকল্পের লে-আউট প্ল্যান।

০৫। পরিবেশগত ছাড়পত্র ফি:

মহাপরিচালক পরিবেশ অধিদপ্তর বরাবরে নির্ধারিত পরিমান* অর্থ কোড নং | ১ | ৪৫৪১ | ০০০০ | ২৬৮১ | তে চালানের মাধ্যমে জমা দিয়ে মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

*বিনিয়োগকৃত অর্থের পরিমান	ছাড়পত্র ফি (টাকা)	নবায়ন ফি
০১ (এক) লক্ষ হতে ০৫ (পাঁচ) লক্ষের মধ্যে	১৫০০/-	৩৭৫/-
০৫ (পাঁচ) লক্ষ হতে ১০ (দশ) লক্ষের মধ্যে	৩,০০০/-	৭৫০/-
১০ (দশ) লক্ষ হতে ৫০ (পঞ্চাশ) লক্ষের মধ্যে	৫,০০০/-	১,২৫০/-
৫০ (পঞ্চাশ) লক্ষ হতে ০১ (এক) কোটির মধ্যে	১০,০০০/-	২,৫০০/-
০১ (এক) কোটি হতে ২০ (বিশ) কোটির মধ্যে	২৫,০০০/-	৬,২৫০/-
২০ (বিশ) কোটি হতে ৫০ (পঞ্চাশ) কোটির মধ্যে	৫০,০০০/-	১২,৫০০/-
৫০ (পঞ্চাশ) কোটির উর্দ্ধে	১,০০,০০০/-	২৫,০০০/-

৪. **এ এম এ জিপার কোং লিঃ, সাং-গাজীপুর, ডাকঃ বি ও এফ, থানাঃ জয়দেবপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ জিপার ডাইং)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অঙ্গীকারনামা, ইটিপির ডিজাইন ও সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, কারখানা থেকে প্রতিদিন ইটিপির মাধ্যমে নির্গত দশ হাজার লিটার পরিশোধিত তরল বর্জ্য রিজার্ভারে সংরক্ষণের বিষয়টি গ্রহণযোগ্য বলে বিবেচিত না হওয়ায়, কারাখানায় ড্রেনেজ ব্যবস্থা না থাকায় এবং কারখানার চতুপার্শ্বে বনভূমি বিদ্যমান থাকায় প্রস্তাবিত অবস্থান গ্রহণযোগ্য নয় মর্মে বন অধিদপ্তরের মতামতের প্রেক্ষিতে আলোচ্য কারখানার অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদানের বিষয়টি বিবেচনা করা সম্ভব নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **পূর্বাচল বেস্টওয়ে সিটি, কাঞ্চন, রূপগঞ্জ, নারায়নগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ল্যান্ড ডেভেলপমেন্ট)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ২৬৩ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার জবাব এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে প্রকল্পের দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা করে দেখার জন্য নথিটি ছাড়পত্র বিষয়ক কমিটির সদস্য জনাব ড. মুঃ সোহরাব আলি, উপ-পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা) কর্তৃক রিভিউ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৬. **প্রবাসী পল্লী (ইন্সপায়ার্ড ডেভেলপমেন্ট লিঃ, নারায়নকুল, খিলগাও, সমরসিং ও পুবাইল এলাকা, সদর থানা, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ ল্যান্ড ডেভেলপমেন্ট প্রকল্প)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, ২৬৩ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার জবাব এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে প্রকল্পের দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা করে দেখার জন্য নথিটি ছাড়পত্র বিষয়ক কমিটির সদস্য জনাব ড. মুঃ সোহরাব আলি, উপ-পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা) কর্তৃক রিভিউ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

৭. **এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, ২০/এ এম এম আলী রোড, দামপাড়া, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ বিশ্ববিদ্যালয় নির্মাণ প্রকল্প) ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র, আইইই প্রতিবেদন, কাগজপত্রাদি, সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের মতামত এবং ২৬৪তম সভায় উদ্যোক্তা কর্তৃক প্রদত্ত পাওয়ার পয়েন্ট উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির সদস্যদের সমন্বয়ে গঠিত একটি টিম কর্তৃক প্রকল্পটি সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

জ) **বিবিধ সিদ্ধান্ত ঃ** বিভিন্ন বিভাগীয় দপ্তর থেকে সুপারিশসহ শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য প্রেরিত আবেদনপত্রসমূহ পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক পর্যালোচনার সময় প্রায়শঃই লক্ষ্য করা যায় যে, বিভাগীয় দপ্তর থেকে প্রাপ্ত আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত Checklist যথাযথভাবে পূরণ করা হয় না এবং উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র-ও পুরোপুরি যাচাই করা হয় না। এছাড়া, অনেক সময় বিভাগীয় দপ্তরসমূহ তাদের সুনির্দিষ্ট সুপারিশ/মতামত ছাড়াই শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পের আবেদন সদর দপ্তরে প্রেরণ করেন। ফলশ্রুতিতে, পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির সভায় ঐ সকল শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব না হওয়ায় Query করা হয়। এতে করে একদিকে যেমন অবস্থান/পরিবেশগত ছাড়পত্র প্রদান প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে অন্যদিকে তেমন অধিদপ্তরের ভাবমূর্তিও প্রশ্নবিদ্ধ হয়ে পড়ছে। এ প্রেক্ষিতে, এখন থেকে প্রত্যেক বিভাগীয় দপ্তর থেকে প্রেরিত প্রতিটি শিল্পপ্রতিষ্ঠান/প্রকল্পের কাগজপত্র সঠিকভাবে যাচাই, Checklist যথাযথভাবে পূরণ এবং বিভাগীয় দপ্তরের সুনির্দিষ্ট সুপারিশ/মতামত সন্নিবেশিত করে সদর দপ্তরের পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটিতে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

(সৈয়দ নজমুল আহসান) **সদস্য-সচিব**	**(মাসুদ ইকবাল মোঃ শামীম)** **কো-অপট্ সদস্য**	**(ড. মুঃ সোহরাব আলি)** **সদস্য**	**(মোঃ জিয়াউল হক)** **সদস্য**
(মির্জা শওকত আলী) **সদস্য**	**(বে.উ.হা. মোসা. আখতারুজ্জাহান)** **সদস্য**	**(মাহমুদ হাসান খান)** **সদস্য**	**(মোঃ শাহ্জাহান)** **আহবায়ক**